

প্রেস বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি'তে অদ্য ১৮/১০/২০১৭ তারিখ হতে দুই দিন ব্যাপী “Bioinformatics for Sustainable Development in Agriculture, Health and Environment/ কৃষি, স্বাস্থ্য ও পরিবেশ এর টেকসই উন্নয়নের জন্য বায়োইনফরমেটিক্স” শিরোনামে জাতীয় কর্মশালা শুরু হয়। উক্ত কর্মশালার প্রধান অতিথি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন অনুষ্ঠানের শুভ উদ্বোধন ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান ড. দিলীপ কুমার সাহা এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি'র মহাপরিচালক ড. মো. সলিমুল্লাহ। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. নুরুল হক মোল্লা। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট জীন প্রকৌশলী অধ্যাপক ড. হাসিনা খান সহ দেশের বরেন্য পেশাজীবীগণ প্রবন্ধ উপস্থাপন করবেন। Bangladesh Bioinformatics and Computational Biology Association (BBCBA) ও Bioinformatics Research Group of Rajshahi University এর সহায়তায় ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এই কর্মশালাটি আয়োজন করেছে। উক্ত কর্মশালায় কৃষি, স্বাস্থ্য ও পরিবেশ গবেষণায় বায়োইনফরমেটিক্সের ভূমিকা নিয়ে আলোচনা হচ্ছে; যা বাংলাদেশে এই ক্ষেত্রটির উন্নয়নের পাশাপাশি টেকসই আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে।

5th National Workshop on “Bioinformatics for Sustainable Development in Agriculture, Health and Environment”

Dates: 18-19 October 2017

Venue: National Institute of Biotechnology (NIB), Savar, Dhaka

Organized By:

Bangladesh Bioinformatics and Computational Biology Association (BBCBA) in
collaboration with

Bioinformatics Research Group of Rajshahi University (BioRGRU) &
National Institute of Biotechnology (NIB), Ganakbari, Ashulia, Savar, Dhaka

Supported By:

HEQEP Sub-Project (HEQEP:CP-3603, W2, R3), Dept. of Statistics, Rajshahi
University (RU) & UGC and National Institute of Biotechnology